

তফসিল বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের কার্যালয়, লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর এর অফিস স্মারক নং-০৫.৪২.৫১০০.০৫৫.০৭.০০১.২৪-৪০১, তারিখ: ১৫ এপ্রিল ২০২৪ খ্রি. মোতাবেক নিম্ন স্বাক্ষরকারী নিয়োগপ্রাপ্ত প্রিজাইডিং অফিসার কর্তৃক লক্ষ্মীপুর জেলাধীন, লক্ষ্মীপুর সদর উপজেলার নুরুল্যাপুর হাজি কালামিয়া ইসলামিয়া দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটি গঠনকল্পে 'বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০০৯ (সর্বশেষ সংশোধনসহ)'-এর সংশ্লিষ্ট প্রবিধান অনুসারে বিভিন্ন শ্রেণিতে (প্রযোজ্য ক্ষেত্রে) সদস্য নির্বাচনের লক্ষ্যে নিম্নরূপ নির্বাচনি তফসিল ঘোষণা করা হলো :-

ক্র: নং	বিবরণ	তারিখ	স্থান
০১	সিলগালাযুক্ত খামে নির্ধারিত ফরমে (ফরম-২) প্রতিদ্বন্দী প্রার্থীদের মনোনয়নপত্র সংগ্রহ, দাখিল ও গ্রহণ	২৩-২৮ এপ্রিল ২০২৪ খ্রি. তারিখ (প্রতিদিন অফিস চলাকালীন সময়ে, সরকারি ছুটির দিন ব্যতিত)	প্রধান শিক্ষকের কার্যালয় (অফিস চলাকালীন সময়ে) নুরুল্যাপুর হাজি কালামিয়া ইসলামিয়া দাখিল মাদ্রাসা লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর
০২	প্রিজাইডিং অফিসার কর্তৃক প্রতিদ্বন্দী প্রার্থী বা তাঁদের মনোনীত প্রতিনিধিদের উপস্থিতিতে (যদি থাকেন) মনোনয়নপত্র বাছাই	৩০ এপ্রিল ২০২৪ খ্রি. তারিখ (সকাল ১০.০০ ঘটিকা হতে)	প্রিজাইডিং অফিসারের কার্যালয় (উপজেলা পরিসংখ্যান কার্যালয়, লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর)
০৩	প্রিজাইডিং অফিসার বরাবর লিখিত আবেদনের মাধ্যমে মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ তারিখ প্রার্থী নিজে উপস্থিত হয়ে জমা দিতে হবে) ও বৈধ প্রার্থীদের তালিকা প্রকাশ	০৪ মে ২০২৪ খ্রি. প্রত্যাহারের আবেদন জমা গ্রহণ- সকাল ১০.০০ ঘটিকা হতে দুপুর ০১.০০ ঘটিকা পর্যন্ত তালিকা প্রকাশ- বিকাল ০৩.০০ ঘটিকা	প্রিজাইডিং অফিসারের কার্যালয় (উপজেলা পরিসংখ্যান কার্যালয়, লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর)
০৪	বিভিন্ন শ্রেণিতে (প্রযোজ্য ক্ষেত্রে) সদস্য নির্বাচনের লক্ষ্যে গোপন ব্যালটে ভোটগ্রহণ	১৬ মে ২০২৪ খ্রি. তারিখ (সকাল ১০.০০ ঘটিকা হতে বিকাল ০৪.০০ ঘটিকা পর্যন্ত বিরতিহীনভাবে)	নুরুল্যাপুর হাজি কালামিয়া ইসলামিয়া দাখিল মাদ্রাসা লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর

বিশেষ নির্দেশনা :

- নির্ধারিত স্থানে উপস্থিত হয়ে মনোনয়নপত্র সংগ্রহ ও দাখিল করা যাবে।
- প্রয়োজনবোধে মনোনয়নপত্র সংগ্রহ ও দাখিলের স্থান হতে ভোটার তালিকা সংগ্রহ করা যাবে।
- সকল শ্রেণির পূরণকৃত মনোনয়নপত্র প্রিজাইডিং অফিসার বরাবর সিলগালাযুক্ত খামের ওপর প্রার্থীর নাম, পদের নাম ও মোবাইল নম্বর উল্লেখপূর্বক সংশ্লিষ্ট প্রধান শিক্ষকের নিকট জমা দিতে হবে।
- নির্বাচনি প্রচারণায় কেবলমাত্র ৫.৫ ইঞ্চি x ৮.৫ ইঞ্চি সাদাকালো রঙের লিফলেট ব্যবহার করা যাবে। কোনো প্রকার ব্যানার, পোস্টার বা অন্য কোনো প্রচার মাধ্যম ব্যবহার করা যাবে না।
- মনোনয়নপত্র বাছাই ও বাতিল সম্পর্কিত যে কোনো ধরনের আপিল সংশ্লিষ্ট প্রবিধানমালার প্রবিধান ২০(১) ও ২০(২) অনুসারে 'উপজেলা নির্বাহী অফিসার, লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর মহোদয় বরাবর প্রবিধানমালায় উল্লিখিত সময়সীমার মধ্যে করতে হবে এবং তিনি প্রবিধানমালায় উল্লিখিত সময়সীমার মধ্যেই উক্ত আপিলসমূহ নিষ্পত্তি করবেন।
- নির্বাচন সংক্রান্ত যাবতীয় কার্যক্রম বিধি মোতাবেক পরিচালিত হবে এবং এর যে কোনো ধরনের ব্যত্যয়ের জন্য বিধি মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।


২০.০৪.২০২৪

(মোঃ নূর নবী)

উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা
লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর

ও

প্রিজাইডিং অফিসার

ম্যানেজিং কমিটি নির্বাচন-২০২৪
নুরুল্যাপুর হাজি কালামিয়া ইসলামিয়া
দাখিল মাদ্রাসা
লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর

অনুলিপি বিতরণ : (সদয় জ্ঞাতার্থে ও কাযার্থে):

- উপজেলা নির্বাহী অফিসার, লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর
- সুপার (ভারপ্রাপ্ত), নুরুল্যাপুর হাজি কালামিয়া ইসলামিয়া দাখিল মাদ্রাসা
লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর (বিজ্ঞপ্তিটি বহল প্রচারের জন্য অনুরোধ করা হলো)
- নোটিশ বোর্ড, নুরুল্যাপুর হাজি কালামিয়া ইসলামিয়া দাখিল মাদ্রাসা
লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর
- অত্র কার্যালয়ের নোটিশ বোর্ড/অফিস কপি।